

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৬৫

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩৮. সালাতের মধ্যে কোমরে হাত রাখা নিষেধ

بَابِ النَّهْيِ عَنْ الِاخْتِصَارِ فِي الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا أَبُو خَالِدٍ عَنْ هِشَامٍ عَنْ ابْنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُصلِّيَ الرَّجُلُ مُخْتَصِرًا

বাংলা

১৪৬৫. আবূ হুরায়রা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, কোনো লোককে কোমরে হাত রাখা অবস্থায় সালাত আদায় করতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিষেধ করেছেন।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী ১২২০; মুসলিম ৫৪৫; এর পূর্ণ তাখরীজ আমরা দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬০৪৩ ও সহীহ ইবনু হিব্বান নং ২২৮৫ তে।

ইবনু আবী শাইবা ২/৪৭-৪৮ এ এ হাদীসের তাখরীজের (বর্ণনার) পরে ইবনু সীরীন 'ইখতিস্বর' এর পরিচিতিতে বলেছেন: "তা হলো কারো উভয় কোমরে তার উভয় হাত রাখা, অথচ সে সালাতে রয়েছে।"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন